



আজ শুরু হজ ফ্লাইট, উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী



ছবি: সংগৃহীত

আজ শুক্রবার (১৭ এপ্রিল) রাত ১১টা ৩৫ মিনিটে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে হজ ফ্লাইটের উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী তারেক রহমান। এরপর রাত ১২টা ২০ মিনিটে ৪১৯ যাত্রী নিয়ে প্রথম ফ্লাইটটি জেদ্দার উদ্দেশে রওনা দেবে।

পরদিন শনিবার মোট ১৪টি ফ্লাইট পরিচালিত হবে। এর মধ্যে ছয়টি বিমান বাংলাদেশ এয়ারলাইন্স, চারটি সৌদি এয়ারলাইন্স সাউদিয়া এবং চারটি ফ্লাইনাস পরিচালনা করবে। এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, এ বছর বাংলাদেশ থেকে মোট ৭৮ হাজার ৫০০ জন হজ পালন করতে যাচ্ছেন। তাদের মধ্যে সরকারি ব্যবস্থাপনায় যাচ্ছেন ৪ হাজার ৫৬৫ জন এবং বেসরকারি হজ এজেন্সির মাধ্যমে যাচ্ছেন ৭৩ হাজার ৯৩৫ জন।

দুই দেশের মধ্যে স্বাক্ষরিত চুক্তি অনুযায়ী, মোট যাত্রীর অর্ধেক পরিবহন করবে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স। অবশিষ্ট যাত্রীদের মধ্যে ৩৫ শতাংশ বহন করবে সাউদিয়া এবং ১৫ শতাংশ পরিবহন করবে ফ্লাইনাস।

প্রি-হজ ফ্লাইট চলবে ২১ মে পর্যন্ত। এই সময়ে মোট ২০৭টি ফ্লাইট পরিচালিত হবে—যার মধ্যে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের ১০২টি, সাউদিয়ার ৭৫টি এবং ফ্লাইনাসের ৩০টি ফ্লাইট রয়েছে।

চাঁদ দেখা সাপেক্ষে আগামী ২৬ মে পবিত্র হজ অনুষ্ঠিত হওয়ার সম্ভাবনা রয়েছে। হজ শেষে ফিরতি ফ্লাইট শুরু হবে ৩০ মে থেকে, যা চলবে ১ জুলাই পর্যন্ত।